

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/ ০৪৪

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৫৯/২০২৩

বিষয়ঃ আমদানিতব্য **Vonoprazan Fumarate** নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Popular Pharmaceuticals Ltd. এর ২০/০৯/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Popular Pharmaceuticals Ltd. নামক প্রতিষ্ঠান Vonoprazan Fumarate নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Popular Pharmaceuticals Ltd.
আবেদনকারীর ঠিকানা	164, Tongi Industrial Area, Tongi PS, Gazipur-1710.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Vonoprazan Fumarate
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Powder
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India/China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	2933.39.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Tablet এ ব্যবহারের জন্য Vonoprazan Fumarate নামক পণ্যটি Powder প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য পণ্য Vonoprazan Fumarate এর রাসায়নিক উপাদান হলো Vonoprazan, a potassium-competitive acid blocked (PCAB) এবং Fumaric acid এর সমন্বয়ে গঠিত যৌগ। যৌগটির Parent Compound হলো Vonoprazan, যার Molecular Formula  $C_{17}H_{16}FN_3O_2S$ ।

প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত লিখিত বক্তব্য ও পণ্য সংশ্লিষ্ট MSDS পর্যালোচনায় দেখা যায়-

“Vonoprazan Fumarate is a hetero cyclic compound and its IUPAC name is (E)-but-2-enedioic acid: 1- [5- (2-fluorophenyl) -1-pyridin- 3-ylsulfonylpyrrol- 3-yl]- N-methylmethanamine that contain one unfused ring of Pyridine. Pyridine is a basic heterocyclic organic compound with the chemical formula  $C_5H_5N$ . It is structurally related to benzene, with one methane group (=CH-) replaced by a nitrogen atom.” অর্থাৎ Vonoprazan Fumarate এ Piridine Ring এবং নাইট্রোজেন (N) হোটারো এটোম বিদ্যমান।

Vonoprazan হলো Esomeprazole এর পরবর্তী প্রজন্মের ঔষধ। বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির ঔষধ দুটির Comparative Study থেকে দেখা যায় এদের ব্যবহার অভিন্ন। Vonoprazan ( $C_{17}H_{16}FN_3O_2S$ ) এবং Esomeprazole ( $C_{17}H_{19}N_3O_3S$ ) উভয়েই Anti ulcerant যা duodenal and gastric ulcers চিকিৎসায় ব্যবহৃত হয়। পূর্ববর্তী প্রজন্মের সমজাতীয় ঔষধ Esomeprazole ও Pentaprazole HS Code 2933.39.00 তে শ্রেণীবিন্যাসিত হচ্ছে। বর্ণিত অবস্থায়, উপরোক্ত আলোচনা এবং সংশ্লিষ্ট দলিলাদির আলোকে আমদানিতব্য Vonoprazan

Fumarate পণ্যটি এইচ এস কোড 2933.39.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংস্কৃত হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-০৩.১২.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.২০২২/ ২৪৪

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Popular Pharmaceuticals Ltd., 164, Tongi Industrial Area, Tongi PS, Gazipur-1710.



(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com